

তারিখ . ০৩ NOV 2016
পৃষ্ঠা ৭৮ কলাম.....

সৈনিক
ইন্ডিফাক

মদনে জেএসসি-জেডিসির প্রবেশপত্রে টাকা আদায়ের অভিযোগ

■ মদন (নেত্রকোণা) সংবাদদণ্ডনা

নেত্রকোণা মদন উপজেলায় আসন্ন জেএসসি ও জেডিসি পরীক্ষার প্রবেশপত্রের জন্য ২৩ থেকে ৩শ টাকা পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলো আদায় করছে বলে অভিযোগ উঠেছে। চলতি শিক্ষাবর্ষে এ পরীক্ষায় উপজেলার ট্রিনিটি কেন্দ্রে ১৭টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে জেএসসি ১৯০৭ জন ও জেডিসি ৩৭০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে।

প্রবেশপত্র নিতে মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ২শ টাকা এবং মাদ্রাসাগুলোতে ২৫০ থেকে ৩০০ টাকা পর্যন্ত প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে টাকা আদায়ের অভিযোগ রয়েছে।

আলহাজ মোজাফফর আহমদ আলিয় মাদ্রাসার জেডিসি পরীক্ষার্থী মেহেরুন মেহেরুন ও আনোয়ার হেসেনেন জানান, প্রবেশপত্র নিতে আমাদের কাছ থেকে ২৫০ টাকা করে রাখা হয়। এভাবে প্রত্যেক ছাত্রের কাছ থেকে নেওয়া হয়েছে। মাদ্রাসার অধ্যক্ষ মো. শামছুল আলম তালুকদার ২৫০ টাকা নেওয়ার বিষয়টির স্তত্ত্বা স্থাকার করে বলেন, প্রশাসনের অনুমতিজ্ঞমেই আধি শিক্ষার্থীদের কাছ থেকে এ টাকা নিচ্ছি।

মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি আয়েশা আজার ও নেয়াগাঁও আফতাব হোসেন একাডেমির প্রধান শিক্ষক জানান, উপজেলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক পরীক্ষার্থীর কাছ থেকে প্রবেশপত্র বাবদ ২০০ টাকা করে নেওয়া হয়েছে।

মাধ্যমিক বিদ্যালয়ের কেন্দ্র সচিব ও টি-আমিন পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারা জেবুরাহার বাট্টন, প্রবেশপত্র বাবদ কোনো টাকা নেওয়া যাবে না। তবে কেন্দ্র খরচ বাবদ প্রত্যেক পরীক্ষার্থীর নিকট থেকে ৫০ টাকা করে রাখার জন্য শিক্ষা কমিটির সভায় সিদ্ধান্ত নেওয়া হয়।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুর রশিদ জানান, 'মাদ্রাসার ছাত্র কর্ম থাকায় কেন্দ্র ফি তাদের ২৫০ টাকা এবং মাধ্যমিক বিদ্যালয়গুলোকে ২০০ টাকা করে নেওয়ার জন্য ব্রহ্মপুর প্রতিষ্ঠান প্রধানকে বলা হয়েছে।

এ ব্যাপারে মাদ্রাসার কেন্দ্র সচিবকে বারবার মোবাইল ফোনে যোগাযোগ করে না পাওয়ায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।